# বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল

জাতীয় স্কাউট ভবন (১৪ তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☏ ৪৮৩১৭৯৭১, E-mail : roverscoutbd@gmail.com, roverscoutbd1@yahoo.com

## রোভার স্কাউট গ্রুপ তালিকাভুক্তি ফরম

রোভার স্কাউট গ্রুপের নাম ঃ ____________________
পূর্ণ ঠিকানা ঃ ____________________
জেলা রোভারের নাম ঃ বাংলাদেশ স্কাউটস, **কুড়িগ্রাম** জেলা রোভার
নিয়ন্ত্রক ঃ সভাপতি, গ্রুপ কমিটি
গ্রুপ কমিটি গঠনের তারিখ ঃ ____________________
রোভার লিডারের নাম ও পদবীঃ ____________________

বেসিক প্রশিক্ষণের তারিখ ঃ ____________________, স্থান ঃ ____________________

সার্টিফিকেট নম্বর ঃ ______________, তারিখ ঃ __________, মোবাইল ঃ ________________

## গ্রুপ কমিটি

গ্রুপ কমিটির সভাপতির নাম ঃ ____________________
ঠিকানা ঃ ____________________

সম্পাদকের নাম ও পদবী ঃ ____________________

ঠিকানা ঃ ____________________

## রোভার স্কাউট গ্রুপের পরিসংখ্যান

| রোভার সহচর | সদস্য স্তর | প্রশিক্ষণ স্তর | সেবা স্তর | প্রেসিডেন্ট'স রোভার স্কাউট | মোট |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**গ্রুপ কমিটির সভাপতির স্বাক্ষর**
(সিলমোহরসহ)

**গ্রুপ কমিটির সম্পাদকের স্বাক্ষর**
(সিলমোহরসহ)

## জেলার জন্য প্রযোজ্য

____________________ রোভার স্কাউট গ্রুপটি বাংলাদেশ স্কাউটস, **কুড়িগ্রাম** জেলা রোভারের ______________ নম্বর রোভার স্কাউট গ্রুপ হিসেবে তালিকাভুক্ত হতে পারে। বর্ণিত রোভার স্কাউট গ্রুপের স্কার্ফের রং হবে ____________________

**কমিশনার**
বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার
(সিলমোহরসহ)

**সম্পাদক**
বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার
(সিলমোহরসহ)

## অঞ্চলের জন্য প্রযোজ্য

____________________ রোভার স্কাউট গ্রুপকে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সাথে তালিকাভুক্ত করা হ'ল। তালিকাভুক্তি নম্বর ঃ ..........................................,  তারিখ ঃ........................................... ।

**সম্পাদক**
বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল

# গ্রুপ সংগঠন

**গ্রুপ ঃ** একটি কাব ইউনিট, একটি স্কাউট ইউনিট ও একটি রোভার স্কাউট ইউনিট সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ স্কাউট গ্রুপ গঠিত হবে। বিশেষ ক্ষেত্রে কোন শাখায় এক বা একাধিক ইউনিট নিয়েও স্কাউট গ্রুপ গঠিত হতে পারবে। আমাদের দেশে কোন শাখার এক বা একাধিক ইউনিট নিয়ে গঠিত গ্রুপের সংখ্যাই বেশী।

**গ্রুপর প্রকৃতি ঃ** ক) স্কাউট গ্রুপ দু'ধরণের হতে পারে-১) নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ, ২) মুক্ত স্কাউট গ্রুপ।

১) **নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপঃ** অনুমোদিত মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয়, সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বিধিবদ্ধ সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠান, ধর্মীয় সংস্থা, অরাজনৈতিক যুব সংস্থা ইত্যাদির আওতায় নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। নিয়ন্ত্রিত গ্রুপে সংশি- ষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার বালক-বালিকা, কিশোর-কিশোরী, যুবক-যুবতী ছাড়া অন্য কেউ গ্রুপে অন্তর্ভুক্ত হতে পারবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থা প্রধান হবেন এরূপ গ্রুপের গ্রুপ সভাপতি/নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

২) **মুক্ত স্কাউট গ্রুপ ঃ** নিয়ন্ত্রিত গ্রুপের এলাকা বহির্ভুত যে কোন মহল- া বা পাড়ায় বসবাসকারী স্কাউট বয়সী ছেলেমেয়েদের নিয়ে মুক্ত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত অনুমতিক্রমে তাদের সদস্যগণও মুক্ত স্কাউট গ্রুপে ভর্তি হতে পারবে। যে কোন স্কাউট ইউনিটে বালকদের ন্যায় বালিকারাও সমমর্যাদায় সদস্য হতে পারবে। বালিকারা কাব, স্কাউট ও রোভার স্কাউট যে কোন শাখার সদস্য হোক না কেন, তাদেরকে গার্ল-ইন-স্কাউটিং বলে অভিহিত করতে হবে।

**গ্রুপে ভর্তির পদ্ধতি ঃ** স্কাউট গ্রুপ/ইউনিটে সদস্য ভর্তি করা গ্রুপ স্কাউট লিডারের দায়িত্ব। তিনি উপদল পরিষদ, উপদল নেতা পরিষদ, রোভার ইউনিট কাউন্সিল ও গ্রুপ স্কাউটার্স কাউন্সিলের সুপারিশক্রমে সদস্য ভর্তির ব্যবস্থা করবেন।

**গ্রুপ কাউন্সিল ঃ** ইউনিটের সদস্যদের মাতা-পিতা, পুরাতন স্কাউট, স্কাউট আন্দোলনের সমর্থক, দরদী বন্ধু ও নিয়ন্ত্রণকারীদের সমন্বয়ে গ্রুপ কাউন্সিল গঠিত হবে। নিয়ন্ত্রিত রোভার স্কাউটদের ক্ষেত্রে গ্রুপ কাউন্সিলের গঠন হলঃ ১) গ্রুপ কমিটির সদস্যবৃন্দ, ২) উপাধ্যক্ষ, ৩) নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানগণ, ৪) স্টাফ কাউন্সিলের সম্পাদক, ৫) ছাত্র বিষয়ক উপদেষ্টা/ছাত্র সংসদের উপদেষ্টা অধ্যাপক (যদি থাকেন), ৬) গ্রুপ কমিটি বহির্ভুত প্রশিক্ষণপ্রাপ্ত রোভার স্কাউট নেতৃবৃন্দ (যদি থাকেন), ৭) ওয়েলফেয়ার অফিসার (কল-কারখানার ক্ষেত্রে), ৮) ফিজিক্যাল এডুকেশন টিচার, ৯) একাউন্টস অফিসার/একাউন্ট্যান্ট, ১০) হল প্রভোষ্ট/হলের সুপারবৃন্দ।

**গ্রুপ কাউন্সিলের দায়িত্ব ঃ** ১) গ্রুপের বিভিন্ন শাখা ইউনিট গঠন ও চালু রাখা, গ্রুপের সম্পত্তি ও তহবিল সংরক্ষণ, স্কাউট আদর্শ প্রচার এবং ইউনিট লিডারকে প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ, তাঁবুবাস উপকরণ, স্কাউট ডেন সংগ্রহে সহায়তা এবং প্রয়োজনীয় অর্থ সংস্থান। ২) প্রোগ্রাম ও প্রশিক্ষণ কার্যক্রমে পরিষদ হস্তক্ষেপ করবে না। তবে সুষ্ঠু প্রশিক্ষণদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্যতাসম্পন্ন স্কাউটার নির্বাচন, মনোনয়ন ও নিয়োগের সুপারিশ করবে। ৩) সাধারণভাবে প্রতি বছর বার্ষিক সাধারণ সভায় মিলিত হয়ে বার্ষিক কার্যবিবরণী ও অডিট রিপোর্ট গ্রহণ, পরবর্তী বার্ষিক কর্মসূচী অনুমোদন, গ্রুপ কমিটি নির্বাচন ইত্যাদি কার্যাবলী সম্পাদন করবে।

**গ্রুপ কমিটি ঃ** ১) গ্রু প কাউন্সিলের কার্যাবলী সুষ্ঠু বাস্ড়বায়নে কাউন্সিল সদস্যদের মধ্য থেকে সভাপতি/নিয়ন্ত্রণকারী, সহ-সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ, গ্রুপ স্কাউট লিডার, শাখা স্কাউট লিডারগণ ও নির্বাচিত সংখ্যক সদস্য প্রতিনিধি নিয়ে গ্রুপ কমিটি গঠিত হবে। নিয়ন্ত্রিত গ্রু পের ক্ষেত্রে কমিটির সংখ্যা হবে ৭-৯ জন। মুক্ত গ্রুপের জন্য সর্বাধিক ১৫ জন। ২) নিয়ন্ত্রিত দলের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এবং মুক্ত দলের ক্ষেত্রে স্থানীয় সম্মানিত কোন ব্যক্তি দলের (গ্রু প) সভাপতি হবেন। ৩) সাধারণভাবে এ কমিটি নিয়মিত মাসিক অধিবেশনে মিলিত হয়ে স্কাউট গ্রুপের যাবতীয় কার্যাবলীর রিপোর্ট গ্রহণ করবে এবং পরবর্তী কার্যক্রমের মাসিক/ত্রৈ-মাসিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজন হলে কমিটি যে কোন সময় অধিবেশনে মিলিত হয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

**গ্রুপ স্কাউটার্স কাউন্সিলঃ** ১) দুই বা ততোধিক শাখা বিশিষ্ট স্কাউট গ্রুপের সকল স্কাউটার ও সহকারী স্কাউটারদের নিয়ে গ্রুপ স্কাউটার্স কাউন্সিল দঠিত হবে। ২) গ্রুপ স্কাউট লিডার গ্রুপ স্কাউটার্স কাউন্সিলের সভাপতি এবং পরবর্তী সিনিয়র স্কাউটার সম্পাদক হবেন। ৩) সাধারণভাবে এ পরিষদ মাসিক নিয়মিত অধিবেশনে মিলিত হয়ে গ্রুপের প্রশিক্ষণ কার্যাবলী সুষ্ঠুভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে। প্রয়োজনে পরিষদ যে কোন সময়ে অধিবেশনে মিলিত হতে পারবে।

**গ্রুপ রেজিস্ট্রেশনঃ** ক) নতুন স্কাউট ইউনিট বা তার শাখা ইউনিট গঠিত হওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট গ্রু প স্কাউট লিডার/ভারপ্রাপ্ত শাখা স্কাউট লিডার/নিয়ন্ত্রণকারীকে রেজিস্ট্রেশনের চার কপি আবেদনপত্র পূরণ করে রেজিস্ট্রেশন ফি সহ উপজেলা স্কাউটসে পাঠাতে হবে। রোভার দলের ক্ষেত্রে ৩ কপি সরাসরি জেলা রোভার স্কাউটসে পাঠাবে। খ) যোগ্যতাসম্পন্ন ও প্রশিক্ষণপ্রাপ্ত স্কাউটার দ্বারা সুষ্ঠুভাবে ইউনিট পরিচালনা সম্পর্কে সন্তুষ্টিলাভের পর উপজেলা স্কাউটসকে নতুন গ্রুপের আবেদন জেলা স্কাউটসের মাধ্যমে আঞ্চলিক স্কাউটসে পাঠাতে হবে। রোভার দলের ক্ষেত্রে জেলা রোভার স্কাউটস আবেদনপত্র রোভার আঞ্চলিক স্কাউটসে পাঠাবে। গ) তালিকাভুক্তির জন্য জেলা রোভার স্কাউটসের সুপারিশ গ্রহণযোগ্য হলে আঞ্চলিক স্কাউটস রেজিস্ট্রেশন চার্টার মঞ্জুর করবে এবং এক কপি করে আবেদনপত্রসহ জেলা ও গ্রুপকে অবহিত করবে। এক কপি আবেদনপত্র আঞ্চলিক অফিসে রক্ষিত থাকবে। ঘ) এভাবে তালিকাভুক্ত স্কাউট গ্রুপ/ইউনিটগুলো বাংলাদেশ স্কাউটসের অনুমোদিত ইউনিট বলে স্বীকৃত হবে। অনুমোদন বিহীন স্কাউট গ্রু পের কোন সদস্য স্কাউট পোশাক ও ব্যাজ পরিধান করতে পারবে না এবং কোন অনুষ্ঠানে স্কাউটদের প্রতিনিধিত্ব করতে পারবে না। ঙ) রেজিস্ট্রেশনের জন্য জেলা রোভার স্কাউটসের সুপারিশ গ্রহণযোগ্য না হলে তার কারণ সংশ্লিষ্টদের জানাতে হবে।

**সদস্য ফিঃ** গ্রুপের সদস্য (রোভার) প্রত্যেকের প্রতি বছরের সদস্য ফি ৫ টাকা। ইউনিট লিডারসহ গ্রুপ কমিটির সদস্যগণের জেলা পর্যায়ের কর্মকর্তাগণের জন্য বার্ষিক সদস্য ফি ১০ টাকা ও জেলা পর্যায়ের কমিশনারগণের জন্য বার্ষিক ১০০ টাকা। আঞ্চলিক পর্যায় সদস্য ফি ২৫ টাকা ও আঞ্চলিক পর্যায়ের কমিশনারগণের জন্য সদস্য ফি ১৫০ টাকা।

**রেজিস্ট্রেশনের মেয়াদ/নবায়ন ঃ** গ্রুপ রেজিস্ট্রেশনের মেয়াদ চার্টার ইস্যুর তারিখ থেকে পরবর্তী ৩১ ডিসেম্বর পর্যন্ত। বিধি মোতাবেক প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে বার্ষিক স্কাউট পরিসংখ্যান, রেজিস্ট্রেশন ফি প্রদান এবং বার্ষিক কার্যাবলীর রিপোর্ট দাখিল করে নবায়ন করে নিতে হবে। মঞ্জুরী নবায়ন করা না হলে এই রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। গ্রুপ রেজিস্ট্রেশন, নবায়ন ও পরিসংখ্যানের বিষয়ে সরাসরি সংশি- ষ্ট জেলা রোভার স্কাউটের সাথে যোগাযোগ করবে।

**গ্রুপ তহবিল ঃ** ক) স্কাউট গ্রুপ/ইউনিটের তহবিলের সমুদয় অর্থ যে কোন সিডিউল ব্যাংকে জমা রাখতে হবে এবং কাউন্সিল/কমিটি কর্তৃক নির্বাচিত দু'জন সদস্যের যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে (গঠন ও নিয়ম দ্রষ্টব্য)। খ) স্কাউট গ্রুপের নিরীক্ষিত হিসাবের রিপোর্ট প্রতি বছর নিয়মিতভাবে নিজ নিজ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কাছে পাঠাতে হবে।

**গ্রুপ পরিসংখ্যানঃ** প্রতি বৎসর ৩১শে ডিসেম্বরের মধ্যে গ্রুপ/ইউনিট জেলা রোভার স্কাউটসে গ্রুপ রেজিস্ট্রেশন নবায়ন ফরমের সাথে গ্রুপের স্কাউটদের তালিকাসহ ক্রমোন্নতিশীল অবস্থার বিবরণ প্রেরণ করবে।

**রিপোর্টিং ঃ** গ্রুপ/ইউনিটের সারা বৎসরের কার্যক্রমের প্রতিবেদন এবং নিরীক্ষাকৃত হিসাব গ্রুপ কমিটির মাধ্যমে গ্রুপ কাউন্সিলের অনুমোদনপূর্বক পরিসংখ্যান রিপোর্টসহ জেলা রোভার স্কাউটসে বৎসর শেষে প্রেরণ করতে হয়। এছাড়াও বিভিন্ন কার্যক্রমের রিপোর্ট বাংলাদেশ স্কাউটসের মাসিক অগ্রদূত বা রোভার অঞ্চলের ত্রৈ-মাসিক রোভার পত্রিকায় প্রকাশের জন্য প্রেরণ করা যেতে পারে।